



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২৯.২০.১০৮

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭
০২ জুন ২০২০

বিষয়: **অভ্যন্তরীণ বোরো সংগ্রহ অভিযান-২০২০ জোরদারকরণ।**

সূত্র: খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২৯.৯২, তারিখ: ১৪/০৫/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ অভিযান, ২০২০ এর আওতায় গত ২৬/০৪/২০২০ খ্রি: তারিখ থেকে ধান সংগ্রহ এবং ০৭/০৫/২০২০ খ্রি: তারিখ থেকে চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। এবারে বোরো সংগ্রহ, ২০২০ মৌসুমে এ যাবৎকালের সর্বোচ্চ লক্ষ্যমাত্রা ধান ৮,০০,০০০ মে:টন এবং সিদ্ধ চাল ১০,০০,০০০ মে:টন ও আতপ চাল ১,৫০,০০০ মে:টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যা গত ২০১৯ মৌসুমের তুলনায় ৪,০০,০০০ মে:টন বেশি। এ অতিরিক্ত পরিমাণ সংগ্রহ লক্ষ্যমাত্রার প্রেক্ষাপটে ধান-চাল সংগ্রহ কার্যক্রমে যে গতি প্রত্যাশা করা হয়েছিল তা লক্ষ্য করা যাচ্ছে না। বিষয়টি মোটেও কাজিত নয়। সূত্রস্থ স্মারকে ধান-চাল সংগ্রহে সময়াবদ্ধ পরিকল্পনাসহ বেশ কিছু নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, সরকারের ক্রমবর্ধমান খাদ্য সহায়তা কর্মসূচি বাস্তবায়নসহ সরকারি ভান্ডারে খাদ্যশস্যের নিরাপত্তা মজুত সমৃদ্ধ অবস্থানে রাখতে চলমান সংগ্রহ অভিযান জোরদার করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২-৬-২০২০

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.২২৯.২০.১০৮/১(৩)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭
০২ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

২-৬-২০২০

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক